

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প  
১ম বিল্ডিং (৭ম তলা), খামারবাড়ি  
ফার্মগেট, ঢাকা-১২১৫।



স্মারক নং-১২.০১.০০০.৯৪২.৪৬.০০১.২১-৩৫০৭

তারিখ : ১৮-০৭-২০২২ খ্রিঃ

**বিষয়: পারিবারিক পুষ্টি বাগান স্থাপনে জেলা পর্যায়ে প্রণয়নকৃত মৌসুম ভিত্তিক সবজি বিন্যাস/ শস্য বিন্যাস অনুসরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পটি বৈশ্বিক করোনা মহামারী মোকাবেলায় খাদ্য নিরাপত্তা ও পুষ্টির চাহিদা পূরণের লক্ষ্যে দেশের ৬৪ টি জেলার ৪৯২ টি উপজেলায় সরকারের অগ্রাধিকার প্রকল্প হিসেবে বাস্তবায়িত হচ্ছে।

প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন কালে দেখা যায় পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী স্থাপনে জেলা ভিত্তিক প্রণীত সবজি বিন্যাস/শস্য বিন্যাস অনুসরণ করা হচ্ছে না। সবজি বিন্যাসে পাতা জাতীয় সবজিসহ ফল জাতীয় সবজি চাষ অন্তর্ভুক্ত থাকলেও শুধু পাতা জাতীয় সবজি চাষ করা হচ্ছে এবং পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনীর কোন কোন বেড সবজি বিহীন অবস্থায় দেখা যাচ্ছে। যা কোন ভাবেই কাম্য নয়। সম্প্রতি খরিপ-১ মৌসুম সমাপ্তির পর খরিপ-২ মৌসুম শুরু হয়েছে। সেমোতাবেক, খরিপ-২ মৌসুমের জেলা পর্যায়ে প্রণীত পুষ্টি বাগানের সবজি বিন্যাস/শস্য বিন্যাস অনুসারে দ্রুত বাগান প্রস্তুত পূর্বক বেডে ও মাচায় সবজি লাগানো প্রয়োজন। যাতে করে একই জেলার অধীন সকল উপজেলায় প্রদর্শনী সমূহের মৌসুম ভিত্তিক সবজি বিন্যাস অনুযায়ী উৎপাদন বজায় থাকে।

এমতাবস্থায়, সরকারের অগ্রাধিকার প্রকল্প বিবেচনায় জেলা পর্যায়ে পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনীতে মৌসুম ভিত্তিক প্রণয়নকৃত সবজি বিন্যাস/শস্য বিন্যাস (রবি, খরিপ-১, খরিপ-২) অনুসরণ পূর্বক মাঠ পর্যায়ে বীজ, চারা বপন/রোপন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও এ বিষয়ে স্থানীয় পর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(ড. মো. আকরাম হোসেন চৌধুরী)  
প্রকল্প পরিচালক  
ফোন-৫৫০২৮৪০১

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. পরিচালক, সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর.....(সকল অঞ্চল)।
৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... (সকল জেলা)।
৪. মহাপরিচালকের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. উপজেলা কৃষি অফিসার..... (সকল উপজেলা)।
৬. অফিস কপি।